



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



নং-৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৮৭.২১-২০৫

তারিখ ০৩ শ্রাবণ ১৪২৯  
১৮ জুলাই ২০২২


**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর আওতাধীন নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে পরিশোধ করার শর্তে স্থাপনের অনুমতি প্রদানে মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্র: নং	শিক্ষা বোর্ড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	অনুমতি প্রদানের বিষয়
০১.	চট্টগ্রাম	পি.এম. খালী বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সদর, কক্সবাজার।	প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি

**শর্তসমূহ:**

- ০১ (এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে;
- বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সঙ্গে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে;
- পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০ (ছয় লক্ষ), মাধ্যমিক স্তরের জন্য ১০,০০,০০০ (দশ লক্ষ) এবং উচ্চ মাধ্যমিক স্তরের জন্য ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- প্রতিষ্ঠানটি পৌর এলাকায় হওয়ায় নীতিমালা অনুযায়ী ৩০ শতাংশ জমির স্থলে ২১ শতাংশ জমি আছে। পরবর্তী পাঠদানের পূর্বেই বাকী ০৯ শতাংশ জমি ক্রয় করতে হবে।

  
(মোহা: শাম্মী আক্তার)  
উপসচিব  
ফোন: ৯৫৪০৫১৭  
[as.sec3@moedu.gov.bd](mailto:as.sec3@moedu.gov.bd)

চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
চট্টগ্রাম।

নং-৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৮৭.২১-২০৫

তারিখ ০৩ শ্রাবণ ১৪২৯  
১৮ জুলাই ২০২২

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে- অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা।

চলমান পাতা-০২

- ৩। যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। পরিচালক/ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। জেলা শিক্ষা অফিসার, .....
- ১০। প্রধান শিক্ষক, পি.এম. খালী বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সদর, কক্সবাজার।
- ১১। অফিস কপি।

শাস্তী আক্তার  
(মোহা: শাস্তী আক্তার)  
উপসচিব